



Bangladesh International Tutorial Limited

তারিখ : ০৪/০৪/২০২০ইং

সম্মানিত অভিভাবকবৃন্দ ,

আশা করছি চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলার জন্য আপনারা সতর্কতা অবলম্বন করেছেন। বি.আই. টি এই কঠিন পরিস্থিতি মোকাবেলায় বিদ্যালয়ের অভিভাবক ও ছাত্রছাত্রীদের সচেতন করার লক্ষ্যে কিছু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

গবেষণায় দেখা যায় যে, কোভিড-১৯ এবং অন্যান্য সংক্রামক রোগের বিস্তার রোধে “ফেস মাস্ক” ব্যবহার করা একটি কার্যকরী উপায়।

অতএব, এই পরিস্থিতিতে সচেতনতা এবং সামাজিক দায়বদ্ধতার বোধ তৈরী করার লক্ষ্যে আমাদের বিদ্যালয়ের পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর ছাত্রছাত্রীদের দিয়ে “ফেস মাস্ক” তৈরীর একটি পরিকল্পনা গ্রহণ করেছে। এই পরিকল্পনাটি একটি সম্মিলিত পারিবারিক কার্যক্রম তবে শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক নয়।

এই পরিকল্পনার কার্যপ্রণালী নিম্নে বর্ণনা করা হলোঃ

- শিক্ষার্থীরা একটি ভালো মানের সার্জিক্যাল মাস্ক নিবে এবং সেই সার্জিক্যাল মাস্ক এর আকার অনুযায়ী ঘরে বসে ছবুছ একটি মাস্ক তৈরী করবে।
- ফেস মাস্ক তৈরী করার জন্য শিক্ষার্থীরা সুতী গেঞ্জির কাপড়, বালিসের কাভারের কাপড় বা রুমালের কাপড় ব্যবহার করা যেতে পারে।
- তৈরীকৃত মাস্কগুলি সুন্দর বা নিখুত সেলাইয়ের প্রয়োজন নেই কিন্তু তৈরীকৃত মাস্কগুলি অবশ্যই কোভিড-১৯ ভাইরাস যাতে প্রবেশ করতে না পারে এবং টেকসই, পরিস্কার ও মুখে যেন ভালো ভাবে আটকায় সেই দিকে লক্ষ রাখতে হবে।
- শিক্ষার্থীরা মাস্ক গুলি তৈরী করে একটি পরিস্কার প্লাস্টিকের ব্যাগে করে যার যার নাম, শ্রেণী এবং সেকশন স্পষ্টকরে লিখে উত্তরা বা গুলশান সেকশনে প্রেরন করতে হবে।
- শিক্ষার্থী কর্তৃক তৈরীকৃত মাস্ক গুলো স্কুল কর্তৃপক্ষ জাগো, ব্রাক,সিআরপি ইত্যাদির মতো বিভিন্ন সংস্থার মাধ্যমে বিতরণ করবে।
- যে সব শিক্ষার্থীরা কমপক্ষে ৩০টি মাস্ক স্কুলে জমা দিবে তাদের কে স্কুল স্বীকৃতি হিসাবে একটি প্রশংসা পত্র দিবে।
- দয়া করে তৈরীকৃত মাস্কগুলি যতদ্রুত সম্ভব স্কুলে পাঠিয়ে দিন, যত তাড়াতাড়ি মাস্কগুলি পাওয়া যাবে তত দ্রুত এইগুলো ব্যবহার করতে পারবে।
- কিভাবে মাস্ক তৈরী করতে হয় তা জানার জন্য ডিআইওয়াই মাস্ক তৈরীর টিউটোরিয়াল ভিডিওর সাহায্য নেওয়ার পরামর্শ দেওয়া হলো।

কোভিড-১৯ মহামারী একটি প্রাকৃতিক দুর্যোগ এবং এটি বিশ্বকে বিভিন্নভাবে প্রভাবিত করেছে - এই প্রকল্পটি আমাদের শিক্ষার্থীদের জন্য ঘরে বসে সক্রিয় হতে এবং জাতিকে সেবা করার একটি সুযোগ।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ। দয়া করে নিরাপদে থাকুন এবং মহামারী দ্রুত না ছড়াতে সাহায্য করুন।

প্রয়োজনীয় লিংকসমূহ

১. https://smartairfilters.com/en/blog/best-materials-make-diy-face-mask-virus/?fbclid=IwAR3deiOD1rv6HoQLiPNnCTSQY-HmZrZTVU_wiC1nMo7X8Mqk9CO3RQtYwa8
২. <https://www.nytimes.com/article/how-to-make-face-mask-coronavirus.html>
৩. https://youtu.be/_6UcIdaxfgk
৪. <http://blog.japanesecreations.com/no-sew-face-mask-with-handkerchief-and-hair-tie>

Ms. Lubna Choudhury

Founder Principal & Chairperson
Bangladesh International Tutorial Ltd.(BITL)